

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
(আইসিটি শাখা)

জেলা ইনোভেশন টীমের জুলাই-২০১৮ এর মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নুরুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ও ইনোভেশন অফিসার, জেলা ইনোভেশন টীম, সুনামগঞ্জ।
সভার স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর অফিস কক্ষ, সুনামগঞ্জ।
সভার তারিখ : ২৯ জুলাই, ২০১৮ খ্রিঃ।
সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। সভাপতি ইনোভেশন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ইনোভেশন কমিটির সদস্যদের কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী আইডিয়া প্রদানের আহবান জানান। অতঃপর জেলা ও উপজেলায় চলমান উদ্ভাবনী আইডিয়ার উপর বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য ইনোভেশন টীমের সদস্য ও সহকারী কমিশনার (আইসিটি)-কে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) জেলা প্রশাসন, সুনামগঞ্জ কর্তৃক বাস্তবায়নাধীন ইনোভেশন কার্যক্রম এর উপর বিস্তারিত প্রতিবেদন তুলে ধরেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের অংশগ্রহণে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়:

নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	২০১৮-১৯ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ প্রণয়ন : সভায় ২০১৮-১৯ অর্থ বছরের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে নতুন উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়।	সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে নাগরিক সেবা সহজে ও দ্রুত প্রদানের লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ প্রণয়নের জন্যে উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ইনোভেশন টীমের সকল সদস্যকে কমপক্ষে ১ টি করে উদ্ভাবনী উদ্যোগ জমা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া উপজেলা পর্যায়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়নের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টীমের সকল সদস্যবৃন্দ সহকারী কমিশনার (আইসিটি)
২.	নতুন উদ্ভাবনী কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ : সভায় জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রেরিত ছক মোতাবেক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	সভায় জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রেরিত ছক মোতাবেক তথ্যাদি প্রেরণের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া এ কার্যালয়ের উদ্ভাবনী উদ্যোগসমূহ জেলা ও উপজেলা হতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগসমূহ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার
৩.	ইনোভেশন মেন্টরিং : জেলার বিভিন্ন কার্যালয় হতে ইনোভেশনের সাথে যুক্ত কর্মকর্তাদের মধ্যে হতে মেন্টর নির্বাচন বিষয়ে আলোচনা করা হয়।	সভায় জেলা পর্যায়ে যে সকল দপ্তরে ইনোভেশন কার্যক্রম রয়েছে সে সকল দপ্তরের কর্মকর্তাদের নিয়ে ওরিয়েন্টেশন কর্মশালা করে তাদের নিকট হতে মেন্টর নির্বাচনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সহকারী কমিশনার (আইসিটি)
৪.	উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং : মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও জেলার সকল দপ্তর/ সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা হয়।	সভায় মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও জেলার সকল দপ্তর/ সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী সভাতে জেলায় চলমান ও পাইলটিং হচ্ছে এমন উদ্ভাবনী উদ্যোগের তালিকা তৈরিপূর্বক উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টীমের সকল সদস্যবৃন্দ
৫.	মাল্টিমিডিয়া ক্লাসরুম : সভায় অনলাইন মাল্টিমিডিয়া ক্লাসরুম ড্যাসবোর্ড মনিটরিং বিষয়ে আলোচনা করা হয়। মাল্টিমিডিয়া ক্লাসরুমসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নিয়মিত অনলাইন রিপোর্ট আপলোড নিশ্চিত করণের বিষয়ে আলোচনা করা হয়	যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে সে সকল প্রতিষ্ঠান প্রধানদের মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে মাল্টিমিডিয়া ক্লাসরুম সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে তার প্রতিবেদন প্রেরণ করার অনুরোধ করা হয়।	সহকারী কমিশনার (আইসিটি), সুনামগঞ্জ জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ

৬. ইউডিসি সংক্রান্ত : সভায় জেলার ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ডিজিটাল সেন্টারের কার্যক্রম একসেবা সিস্টেমে একীভূত করা হচ্ছে বিধায় ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের আয়, সেবাসমূহ আপলোড করা যাচ্ছে না বিধায় উদ্যোক্তাদের কার্যক্রম মনিটরিং করা সম্ভব হচ্ছে না। একসেবা সিস্টেমে রেজিস্ট্রেশনের লক্ষ্যে জেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কর্মরত উদ্যোক্তাদের তথ্যাদি এটুআই এর নির্দেশনার আলোকে সোনালী ব্যাংক ডেবিট কার্ড প্রাপ্তি ফরম পূরণপূর্বক এটুআইতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
---	---	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ নুরুজ্জামান)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

ও

ইনোভেশন অফিসার

জেলা ইনোভেশন টীম

সুনামগঞ্জ।

☎ ০৮৭১-৬১৬০৯

adcictsunamganj@yahoo.com

তারিখ: ১৩ আগস্ট, ২০১৮।

স্মারক নং-০৫.৪৬.৯০০০.০৩১.০১.০১৮.২০১৭/ ২৫৫ (২৫)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৩। পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।


৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫।....., সুনামগঞ্জ।

৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), সুনামগঞ্জ।

৭। জনাব.....সুনামগঞ্জ।



(গাজালা পারভীন রুহি)

সহকারী কমিশনার (আইসিটি)

সুনামগঞ্জ।

☎ ০৮৭১-৬২৬৪৭

acictsunamganj@yahoo.com